Question Paper No.
Q6153816

**2025**

# HISTORY

**Time – 3 Hours 15 Minutes**

*(First 15 minutes for reading the question paper only)*

**Full Marks – 90** For Regular Candidates

**Full Marks – 100** For External Candidates

*Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

['ক' বিভাগ থেকে 'ঙ' বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন নিয়মিত ও বহিরাগত সব পরীক্ষার্থীদের জন্য।
'চ' বিভাগে প্রদত্ত প্রশ্ন শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য।]

('ক' বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক। অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।
'খ' বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে। অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে।)

## বিভাগ 'ক'

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×২০=২০

১.১ 'বঙ্গলক্ষ্মীর ব্রতকথা' রচনা করেন —
(ক) সরলাদেবী চৌধুরানি (খ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) অবনীন্দ্রনাথ ঠাকুর

১.২ 'জয়শ্রী' পত্রিকার সম্পাদিকা ছিলেন —
(ক) লীলা নাগ (খ) কল্পনা দত্ত
(গ) বাসন্তী দেবী (ঘ) লীলাবতী মিত্র

১.৩ সূর্যসেন শহীদ হন —
(ক) ১৯৩০ খ্রিঃ (খ) ১৯৩২ খ্রিঃ
(গ) ১৯৩৩ খ্রিঃ (ঘ) ১৯৩৪ খ্রিঃ

১.৪ ব্রিটিশ পার্লামেন্ট ভারতীয় স্বাধীনতা আইন পাস করে —
(ক) ৪ঠা জুন, ১৯৪৬ খ্রিঃ (খ) ১৮ই জুলাই, ১৯৪৭ খ্রিঃ
(গ) ১৪ই আগস্ট, ১৯৪৭ খ্রিঃ (ঘ) ১৫ই আগস্ট, ১৯৪৭ খ্রিঃ

shikshadiksha.in

১.৫ রাজ্য পুনর্গঠন কমিশনের (১৯৫৩) সভাপতি ছিলেন —

(ক) এস. কে. দার (খ) বল্লভভাই প্যাটেল

(গ) ভি. পি. মেনন (ঘ) ফজল আলি

১.৬ হালহেড রচিত 'এ গ্রামার অফ দি বেঙ্গল ল্যাঙ্গুয়েজ' বইটি ছাপা হয়েছিল —

(ক) কলকাতায় (খ) শ্রীরামপুরে

(গ) হুগলিতে (ঘ) ঢাকায়

১.৭ মাসিক 'সন্দেশ' পত্রিকা প্রথম প্রকাশিত হয় —

(ক) ১৮৯৬ খ্রিঃ (খ) ১৯০৪ খ্রিঃ

(গ) ১৯০৭ খ্রিঃ (ঘ) ১৯১৩ খ্রিঃ

১.৮ 'কৃষক প্রজাপার্টি' গঠন করেছিলেন —

(ক) বাবা রামচন্দ্র (খ) স্বামী সহজানন্দ

(গ) মৌলানা ভাসানী (ঘ) ফজলুল হক

১.৯ স্বামী বিদ্যানন্দ বিহারে কৃষক আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন —

(ক) স্বদেশি আন্দোলনে (খ) অসহযোগ আন্দোলনে

(গ) আইন-অমান্য আন্দোলনে (ঘ) ভারত-ছাড়ো আন্দোলনে

১.১০ বাংলার শ্রমিক আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন —

(ক) লালা লাজপত রায় (খ) অশ্বিনীকুমার দত্ত

(গ) অশ্বিনীকুমার বন্দ্যোপাধ্যায় (ঘ) অরবিন্দ ঘোষ

১.১১ কোল বিদ্রোহ (১৮৩১-১৮৩২) দমনে কোম্পানির সেনাবাহিনীর নেতৃত্ব দেন —

(ক) ক্যাপ্টেন রজার্স (খ) ক্যাপ্টেন স্কট

(গ) ক্যাপ্টেন উইল কিনসন (ঘ) মেজর উইলিয়ামস্

১.১২ 'বাংলার নানাসাহেব' নামে পরিচিত ছিলেন —

(ক) হরিশচন্দ্র মুখোপাধ্যায় (খ) কাদের মোল্লা

(গ) রেভাঃ জেমস লঙ্ (ঘ) রামরতন মল্লিক

১.১৩ ঔপনিবেশিক ভারতের প্রথম 'রাজপ্রতিনিধি' ছিলেন —

(ক) ওয়ারেন হেস্টিংস্ (খ) লর্ড বেন্টিঙ্ক

(গ) লর্ড ক্যানিং (ঘ) লর্ড মাউন্টব্যাটেন

১.১৪ বঙ্গভাষা প্রকাশিকা সভার কার্যকলাপের সঙ্গে যুক্ত ছিলেন —

(ক) রামমোহন রায় (খ) রাজা রাধাকান্ত দেব

(গ) কালীনাথ রায়চৌধুরী (ঘ) মদনমোহন তর্কালঙ্কার

১.১৫ 'বিরূপবজ্র' গ্রন্থটির সঙ্গে যুক্ত ছিলেন —

(ক) গণেন্দ্রনাথ ঠাকুর (খ) অবনীন্দ্রনাথ ঠাকুর

(গ) উপেন্দ্র কিশোর রায়চৌধুরী (ঘ) গগনেন্দ্রনাথ ঠাকুর

১.১৬ প্রথম বাংলা দৈনিক সংবাদপত্রটি হল —

(ক) সম্বাদ ভাস্কর (খ) সংবাদ কৌমুদি

(গ) সংবাদ প্রভাকর (ঘ) সমাচার দর্পণ

১.১৭ 'বঙ্গদর্শন' প্রথম প্রকাশিত হয় —

(ক) ১৭৮০ খ্রিঃ (খ) ১৮১৫ খ্রিঃ

(গ) ১৮৬৩ খ্রিঃ (ঘ) ১৮৭২ খ্রিঃ

১.১৮ হিন্দু মেট্রোপলিটান কলেজ (১৮৫৩ খ্রিঃ) প্রতিষ্ঠা করেন —

(ক) দেবেন্দ্রনাথ ঠাকুর (খ) রাধাকান্ত দেব

(গ) বিদ্যাসাগর (ঘ) মতিলাল শীল

১.১৯ কলকাতা মেডিকেল কলেজ প্রতিষ্ঠার জন্য জমিদান করেন —

(ক) দ্বারকানাথ ঠাকুর (খ) বৈষ্ণবচরণ শেঠ

(গ) ডেভিড হেয়ার (ঘ) মতিলাল শীল

১.২০ 'দ্য রিফর্মার' পত্রিকার সম্পাদক ছিলেন —

(ক) রামমোহন রায় (খ) দেবেন্দ্রনাথ ঠাকুর

(গ) কেশবচন্দ্র সেন (ঘ) প্রসন্ন কুমার ঠাকুর

## বিভাগ 'খ'

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **১টি** করে, মোট **১৬টি** প্রশ্নের উত্তর দাও) : ১×১৬=১৬

### উপবিভাগ : ২.১

**একটি** বাক্যে উত্তর দাও : ১×৪=৪

(২.১.১) একটি 'স্থানীয় ইতিহাস' গ্রন্থের নাম লেখো।

(২.১.২) কোন্ বছর ভারতে প্রথম রেল যোগাযোগ ব্যবস্থা শুরু হয় ?

(২.১.৩) কোন্ বছর কলকাতা বিজ্ঞান কলেজ প্রতিষ্ঠিত হয় ?

(২.১.৪) কোন্ বিদ্রোহে সুইমুণ্ডা নেতৃত্ব দেন ?

### উপবিভাগ : ২.২

**'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :** ১×৪=৪

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| (২.২.১) রেভাঃ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় | (১) কংগ্রেস সমাজতন্ত্রী দল |
| (২.২.২) বিদ্যাসাগর | (২) ভারতসভা |
| (২.২.৩) মিনু মাসানি | (৩) বিপ্লবী কার্যকলাপ |
| (২.২.৪) কল্পনা দত্ত | (৪) নারী শিক্ষা |

### উপবিভাগ : ২.৩

**ঠিক বা ভুল নির্ণয় করো :** ১×৪=৪

(২.৩.১) স্বামী সহজানন্দ ছিলেন বারদৌলি আন্দোলনের অন্যতম নেতা।

(২.৩.২) নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসের প্রথম সভাপতি ছিলেন চিত্তরঞ্জন দাশ।

(২.৩.৩) কৃষ্ণকুমার মিত্র ছিলেন অ্যান্টি সার্কুলার সোসাইটির সভাপতি।

(২.৩.৪) অল ইন্ডিয়া সিডিউলড কাস্ট ফেডারেশন প্রতিষ্ঠা করেন বি. আর. আম্বেদকর।

## উপবিভাগ : ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো : ১×৪=৪

(২.৪.১) কোল বিদ্রোহের (১৮৩১-১৮৩২) এলাকা ।

(২.৪.২) সাঁওতাল বিদ্রোহের (১৮৫৫-১৮৫৬) এলাকা ।

(২.৪.৩) মহাবিদ্রোহের (১৮৫৭) – একটি কেন্দ্র, লক্ষ্ণৌ ।

(২.৪.৪) মহাবিদ্রোহের (১৮৫৭) – একটি কেন্দ্র, ঝাঁসি ।

অথবা

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

শূন্যস্থান পূরণ করো : ১×৪=৪

(২.৪.১) হিন্দু পেট্রিয়ট পত্রিকার সম্পাদক ছিলেন ______________ ।

(২.৪.২) সিধু ও কানু ছিলেন ______________ বিদ্রোহের নেতা ।

(২.৪.৩) 'বর্তমান ভারত' গ্রন্থটির লেখক ছিলেন ______________ ।

(২.৪.৪) 'ভারতসভা' প্রতিষ্ঠিত হয়েছিল ______________ খ্রিঃ ।

## উপবিভাগ : ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো : ১×৪=৪

(২.৫.১) বিবৃতি : 'হিন্দু পেট্রিয়ট' ছিল উনিশ শতকের দ্বিতীয়ার্ধে কলকাতা থেকে প্রকাশিত একটি ইংরেজি সাপ্তাহিক পত্রিকা ।

ব্যাখ্যা ১ : এটি ছিল, হিন্দু বিপ্লবীদের একটি মুখপত্র ।

ব্যাখ্যা ২ : এটি ছিল, নব্যহিন্দু আন্দোলনের একটি মুখপত্র ।

ব্যাখ্যা ৩ : এটি ছিল, একটি স্বাধীন, সাহসী ও প্রগতিশীল সংবাদপত্র ।

(২.৫.২) বিবৃতি : উনিশ শতকের বাংলায় একটি উল্লেখযোগ্য ঘটনা হল নব্যবঙ্গ দলের আবির্ভাব ।

ব্যাখ্যা ১ : উনিশ শতকের বাংলায় ইংরেজি শিক্ষিত ছাত্ররা নব্যবঙ্গ নামে পরিচিত ছিল ।

ব্যাখ্যা ২ : এটি ছিল, ডিরোজিও কর্তৃক প্রতিষ্ঠিত কলকাতার তরুন ছাত্রদের একটি দল ।

ব্যাখ্যা ৩ : হিন্দু কলেজের শিক্ষক ডিরোজিও-র ছাত্রগণ যৌথভাবে 'নব্যবঙ্গ' নামে পরিচিত ছিল ।

(২.৫.৩) বিবৃতি : উনিশ শতকের প্রথমার্ধে বাংলার প্রকাশকগণ তাদের পুস্তক বিক্রয়ের জন্য ফেরিওয়ালাদের উপর নির্ভরশীল ছিলেন।

ব্যাখ্যা ১ : ঐ সময়ে পুস্তক ব্যবসাকে সম্মানীয় পেশারূপে গণ্য করা হত না।

ব্যাখ্যা ২ : ঐ সময়ে বইয়ের দোকানের সংখ্যা ছিল খুবই সীমিত।

ব্যাখ্যা ৩ : ঐ সময়ে ফেরিওয়ালাদের মাধ্যমে অধিক সংখ্যক মানুষের কাছে বই পৌঁছানো ছিল সহজ এবং সুলভ।

(২.৫.৪) বিবৃতি : ১৯৪৯ খ্রিষ্টাব্দের জানুয়ারী মাসে জুনাগড় রাজ্যটি ভারতীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত হয়।

ব্যাখ্যা ১ : জুনাগড় রাজ্যটির শাসক ভারতীয় ইউনিয়নে স্বেচ্ছায় যোগদান করেন।

ব্যাখ্যা ২ : ভারতীয় সেনাবাহিনী জুনাগড় রাজ্যটি আক্রমণ ও দখল করে।

ব্যাখ্যা ৩ : জুনাগড় রাজ্যটির জনগণ গণভোটের মাধ্যমে ভারতীয় ইউনিয়নে যোগদানের সিদ্ধান্ত গ্রহণ করেন।

## বিভাগ 'গ'

৩। দু'টি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **১১টি**) : ২×১১=২২

৩.১ 'অলিন্দ যুদ্ধ' বলতে কী বোঝায় ?

৩.২ কী উদ্দেশ্যে 'নারী কর্মমন্দির' প্রতিষ্ঠিত হয়েছিল ?

৩.৩ শেখ আবদুল্লা কে ছিলেন ?

৩.৪ 'দার কমিশন' (১৯৪৮) কেন গঠিত হয়েছিল ?

৩.৫ বাংলা ছাপাখানার বিকাশে সুরেশচন্দ্র মজুমদার-এর অবদান কী ছিল ?

৩.৬ রবীন্দ্রনাথ ঠাকুর কী উদ্দেশ্যে বিশ্বভারতী প্রতিষ্ঠা করেছিলেন ?

৩.৭ বাংলায় কৃষক আন্দোলনে বীরেন্দ্রনাথ শাসমল কীরূপ ভূমিকা গ্রহণ করেছিলেন ?

৩.৮ 'মিরাট ষড়যন্ত্র মামলা'টি কী ?

shikshadiksha.in

৩.৯ বারাসাত বিদ্রোহ ব্যর্থ হ'ল কেন ?

৩.১০ সাঁওতাল বিদ্রোহের (১৮৫৫-১৮৫৬) গুরুত্ব কী ?

৩.১১ ল্যান্ডহোল্ডার্স সোসাইটি প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল ?

৩.১২ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় স্মরণীয় কেন ?

৩.১৩ মানুষের খাদ্যাভাসের উপর ভৌগোলিক পরিবেশের প্রভাব কতটা ?

৩.১৪ আধুনিক ভারতের ইতিহাস রচনার উপাদানরূপে বিপিনচন্দ্র পালের আত্মজীবনী গ্রন্থ 'সত্তরবৎসর' – এর গুরুত্ব কী ?

৩.১৫ হরিনাথ মজুমদার স্মরণীয় কেন ?

৩.১৬ লর্ড হার্ডিঞ্জ এর শিক্ষানীতির (১৮৪৪) গুরুত্ব কী ?

## বিভাগ 'ঘ'

৪। সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৪×৬=২৪

### উপবিভাগ : ঘ.১

৪.১ দেশীয় রাজ্যগুলির ভারতভুক্তির বিষয়ে সর্দার প্যাটেলের ভূমিকা বিশ্লেষণ করো।

৪.২ ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠনের প্রয়োজনীয়তার কারণ কী ?

### উপবিভাগ : ঘ.২

৪.৩ বাংলায় ছাপাখানার বিকাশে শ্রীরামপুর মিশনারীদের অবদান বিশ্লেষণ করো।

৪.৪ বাংলায় বিজ্ঞান শিক্ষার বিকাশে 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টিভেশন অফ সায়েন্স' – এর অবদান বিশ্লেষণ করো।

### উপবিভাগ : ঘ.৩

৪.৫ মুন্ডা বিদ্রোহের (১৮৯৯-১৯০০) গুরুত্ব বিশ্লেষণ করো।

৪.৬ নীলবিদ্রোহের প্রতি শিক্ষিত বাঙালী সমাজের ভূমিকা কীরূপ ছিল ?

### উপবিভাগ : ঘ.৪

৪.৭ সভ্যতার বিকাশের ইতিহাসে 'যানবাহন-যোগাযোগ ব্যবস্থার ইতিহাস' – এর গুরুত্ব বিশ্লেষণ করো।

৪.৮ সংবাদপত্ররূপে 'সোমপ্রকাশ' – এর গুরুত্ব বিশ্লেষণ করো।

## বিভাগ 'ঙ'

৫। পনেরো বা ষোলটি বাক্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

৫.১ সশস্ত্র বিপ্লবী আন্দোলনে প্রীতিলতা ওয়াদ্দেদার এর ভূমিকা বিশ্লেষণ করো। বিংশ শতকের ভারতে নারী আন্দোলনে দীপালি সংঘের কিরূপ ভূমিকা ছিল ? ৩+৫

৫.২ বাংলা ছাপাখানার বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বহুবিধ কর্মপ্রচেষ্টার সংক্ষিপ্ত বিবরণ দাও। ৮

৫.৩ সন্ন্যাসী-ফকির বিদ্রোহের (১৭৬৩-১৮০০) সংক্ষিপ্ত বিবরণ দাও। এই বিদ্রোহের ঐতিহাসিক তাৎপর্য কী ছিল ? ৫+৩

**(কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)**

## বিভাগ 'চ'

৬। ৬.১ একটি পূর্ণবাক্যে উত্তর দাও (যে কোনো ৪টি) : ১×৪=৪

৬.১.১ 'আত্মীয়সভা' কে প্রতিষ্ঠা করেন ?

৬.১.২ 'যত মত, তত পথ' এর আদর্শ কে প্রচার করেন ?

৬.১.৩ তিতুমিরের প্রকৃত নাম কী ?

৬.১.৪ 'আনন্দমঠ' উপন্যাসটি কে রচনা করেন ?

৬.১.৫ শান্তিনিকেতন কবে প্রতিষ্ঠিত হয় ?

৬.১.৬ 'সর্দার' উপাধিতে কে ভূষিত হন ?

৬.২ দু'টি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ২×৩=৬

৬.২.১ পরিবেশের ইতিহাস বলতে কী বোঝায় ?

৬.২.২ 'বিপ্লব' বলতে কী বোঝায় ?

৬.২.৩ সাঁওতাল বিদ্রোহের দু'জন নেতার নাম লেখ।

৬.২.৪ 'রসিদ আলি দিবস' কেন পালিত হয়েছিল ?

৬.২.৫ কী উদ্দেশ্যে 'শ্রীনিকেতন' গড়ে ওঠে ?

shikshadiksha.in